



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩



শেখ হাসিনার মুলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

০৫ মার্চ' ২০২৪ খ্রি.

আগ্রাবাদে ৫ শতাব্দিক অবৈধ স্থাপনা উচ্ছেদ করল চসিক

চট্টগ্রামের আগ্রাবাদ বাণিজ্যিক এলাকা, কর্মসূক্ষ কলেজ রোড, বাদামতলী মোড়, সিজিএস বিল্ডিং সমূখ্যস্থ রোড, এক্সেস রোড, আগ্রাবাদ শিশুপার্ক রোড এবং মা ও শিশু হাসপাতালের সামনের রাস্তা ও ফুটপাত দখল করে অবৈধভাবে গড়ে উঠা পাঁচ শতাব্দিক দোকানপাট ও অবৈধ স্থাপনা উচ্ছেদ করেছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মঙ্গলবার স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মহাজন, নির্বাহী ম্যাজিস্ট্রেট রেজাউল করিম, চৈতী সর্ববিদ্যা অভিযান পরিচালনা করেন। পুরো অভিযানের সমন্বয় করেন সিটি মেয়ার বীর মুক্তিযোদ্ধা মো: রেজাউল করিম চৌধুরী'র একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম।

অভিযান সম্পর্কে মেয়ারের একান্ত সচিব আবুল হাশেম জানান, জনগণের ফুটপাত জনগণের জন্য উন্মুক্ত রাখার বিষয়ে সিটি মেয়ার বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী অত্যন্ত কঠোর অবস্থান গ্রহণ করেছেন। তাঁর নির্দেশে নিউ মার্কেট মোড়ে অভিযান এবং মনিটরিং এর মাধ্যমে রাস্তা ও ফুটপাত উন্মুক্ত করার পর আজ আমরা আগ্রাবাদ ও আশে-পাশের অবৈধ স্থাপনা উচ্ছেদ করেছি।

অভিযানকালে সিটি কর্পোরেশনের কর্মকর্তা-কর্মচারী এবং চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটদের সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৮৮৮